# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

## গণিত

**।শ্রেণি ঃ দশম।**

## <u>অংশীদারি কারবার</u>

কেউ একক ভাবে ব্যবসা করেন, আবার কেউ কেউ একত্রে মিলিত হয়ে কোনও ব্যবসা করেন। দুই বা ততোধিক ব্যক্তি একত্রে কোনও ব্যবসা করলে সেই ব্যবসাকে অংশীদারি কারবার বলা হয় (Partnership Business)। যে সকল ব্যক্তি একসঙ্গে মিলিত হয়ে একটি ব্যবসা করেন সেই ব্যক্তিগণেরর প্রত্যেককে বলা হয় অংশীদার (Partner)। অংশীদারগণ প্রত্যেকে ব্যবসায়ে প্রয়োজনীয় অর্থ বা সম্পদ দিয়ে থাকেন। সুতরাং ব্যবসার শুরুতে চুক্তি অনুযায়ী বা নিজেদের দেওয়া অর্থের বা সম্পদের মূল্যের অনুপাতে নির্দিষ্ট সময় অন্তর ব্যবসায়ে লাভ বা ক্ষতি তারা বণ্টন করে নেন।

অংশীদারি কারবার দুই প্রকারঃ

১। সরল অংশীদারি কারবার

২। মিশ্র অংশীদারি কারবার

১। <u>সরল অংশীদারি কারবার (Simple Partnership Business)</u>

ব্যবসায়ে অংশীদারগণ যে অর্থ বিনিয়োগ করেন, সেই অর্থ যদি সমান সময় ধরে নিয়োজিত থাকে, তাহলে ওই ব্যবসাকে সরল অংশীদারি কারবার বলে।

২। <u>মিশ্র অংশীদারি কারবার (Compound Partnership Business)</u>

ব্যবসায়ে অংশীদারগণ তাঁদের অর্থ বিভিন্ন সময় ধরে যদি নিয়োজিত করেন, তখন সেই ব্যবসাকে মিশ্র অংশীদারি কারবার বলে।

<u>মূলধন (Capital):</u>

ব্যবসা পরিচালনার জন্য অংশীদাররা যে অর্থ ব্যবসায়ে নিয়োজিত করেন, সেই অর্থকে মূলধন বলে।

মূলধন সংগ্রহ ঃ

১। অংশীদাররা সমান সমান পরিমাণ অর্থ ব্যবসায়ে দিতে পারেন, আবার সামর্থ অনুযায়ী আলাদা আলাদা পরিমাণ অর্থও বিনিয়োগ করতে পারেন। অর্থাৎ ব্যবসায়ে নিয়োজিত অংশীদারদের মূলধন সমান হতে পারে।

২। ব্যাংক থেকে অর্থ সংগ্রহ করতে পারেন।

লাভ (Profit) / ক্ষতি (Loss):

ব্যবসায়ে নির্দিষ্ট সময় অন্তর হিসাব করে দেখা হয় সমস্ত খরচ বাদে কী পরিমাণ অর্থ অতিরিক্ত বা কম হয়েছে। যদি অতিরিক্ত হয় তাকে লাভ বলে। আর যদি কম থাকে তাহলে তাকে ক্ষতি বলে।

লভ্যাংশ বন্টন (Distribution of Part Profit):

ব্যবসা চলাকালিন নির্দিষ্ট সময়ে অন্তর অংশীদারিরা লাভ নিজেদের মধ্যে ভাগ করে নেয়। একে লভ্যাংশ বন্টন বলে। এই বন্টন অংশীদারিদের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী হয়ে থাকে। ব্যবসার শুরুতে যে যে পরিমাণ অর্থ দিয়ে থাকুন না কেন, পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী লভ্যাংশ ভাগ করে নিতে পারে। আবার পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী মূলধনের অনুপাতেও ভাগ করে নিতে পারে। অথবা সিদ্ধান্ত অনুসারে অন্য ভাবে ভাগ করে নিতে পারে।

অংশীদারি দলিল (Partnership Deed)

ব্যবসা সুরু করার সময়ে কী ভাবে তা পরিচালিত হবে তার নিয়মাবলী (লভ্যাংশ বন্টনের নিয়মসহ) সরকারি কাগজে (Stamp Paper) লেখা হয়। অংশীদারদের সর্বসম্মতিক্রমে লিখিত এই চুক্তিপত্রকে বলা হয় অংশীদারি দলিল।

সাম্মানিক ভাতা (Honorary Allowance)

ব্যবসা চালানোর সময় অংশীদাররা বা তাঁদের মধ্যে কেউ কেউ সময় ও শ্রম দেন, যার জন্য সেই বাবদ ব্যবসার লাভ থেকে কিছু অর্থ আলাদাভাবে চুক্তি অনুযায়ী দেওয়া হয়। একে সাম্মানিক ভাতা বলে।

মনে রেখোঃ

এই অধ্যায়ের কোনও প্রশ্নে লাভ বা ক্ষতি বন্টনের কোনও শর্ত প্রদত্ত না থাকলে, মূলধনের অনুপাতে তা বন্টন করতে হবে।

**<u>প্রয়োগ (1)ঃ</u>**

রাজু ও প্রদীপ দুই বন্ধু এক ঝুড়ি পেয়ারা 500 টাকায় কিনে 800 টাকায় বিক্রি করল। কেনার সময় রাজু 300 টাকা এবং প্রদীপ 200 টাকা দিয়ে থাকলে লাভ থেকে কে কত টাকা পাবে?

**সমাধান:** এক ঝুড়ি পেয়ারা 500 টাকায় কিনে 800 টাকায় বিক্রি করলে লাভ হয়

(800−500)টাকা = 300 টাকা।

রাজুর টাকা ও প্রদীপের টাকার অনুপাত 300:200 = 3:2

লাভের 300 টাকার মধ্যে রাজু পাবে −

{300 x 3 /(3+2)} টাকা = (300 x 3/5) টাকা

= (60 x 3) টাকা = 180 টাকা।

এবং প্রদীপ পাবে −

{3০০ x 2/(3+2)} টাকা = (300 x 2/5) টাকা

= (60 x 2)টাকা = 120 টাকা

উত্তরঃ লাভ থেকে i)রাজু পাবে 180 টাকা

ii)প্রদীপ পাবে 120 টাকা

**<u>প্রয়োগ (2)ঃ</u>**

তিন বন্ধু 5000 টাকা, 7000 টাকা, ও 13000 টাকা নিয়ে একটি ব্যবসা শুরু করে। তাদের চুক্তি হয় যে লাভের 1/3 অংশ তারা কাজের জন্য সমান ভাগে ভাগ করে নেবে। অবশিষ্ট লাভ তারা মূলধনের অনুপাতে ভাগ করে নেবে। মাসের শেষে 27000 টাকা লাভ হলে, কে কত টাকা পাবে?

**সমাধানঃ** লাভের 1/3 অংশ = (27000 x 1/3)টাকা = 9000 টাকা

এই টাকা তারা সমান ভাবে ভাগ করে নিলে প্রত্যেকে পাবে

(9000/3)টাকা = 3000 টাকা

অবশিষ্ট (27000−9000) টাকা = 18000 টাকা তারা মূলধনের অনুপাতে ভাগ করে নেবে।

তাদের মূলধনের অনুপাত 5000:7000:13000

= 5:7:13

18000 টাকা থেকে

প্রথম বন্ধু পাবে (18000 x 5/25) টাকা = 3600 টাকা

দ্বিতীয় বন্ধু পাবে (18000 x 7/25) টাকা = 5040 টাকা

তৃতীয় বন্ধু পাবে (18000 x 13/25) টাকা = 9360 টাকা

সুতরাং মাসের শেষে –

প্রথম বন্ধু পাবে (3000+3600) টাকা = 6600 টাকা

দ্বিতীয় বন্ধু পাবে (3000+5040) টাকা = 8040 টাকা

তৃতীয় বন্ধু পাবে (3000+9360) টাকা = 12360 টাকা

উত্তরঃ মাসের শেষে প্রথম বন্ধুর প্রাপ্ত লাভ 6600 টাকা, দ্বিতীয় বন্ধুর প্রাপ্ত লাভ 8040 টাকা,

তৃতীয় বন্ধুর প্রাপ্ত লাভ 12360 টাকা।

**প্রয়োগ (3)ঃ**

দীপু ও নিত একটি বাড়ি 1000000 টাকায় কিনে 1700000 টাকায় বিক্রি করল। কেনার সময় দীপু যদি নিতুর আড়াই গুণ টাকা দিয়ে থাকে তাহলে কে কত লভ্যাংশ পাবে?

**সমাধানঃ** বাড়ি বিক্রি করে তাদের লাভ হয়

(1700000 - 1000000) টাকা = 700000 টাকা

দীপু ও নিতুর মূলধনের অনুপাত (2½ : 1)= 5/2: 1

= 5:2

লাভের 700000 টাকার মধ্যে

দীপু পাবেন (700000 x 5/7) টাকা = 500000 টাকা।

নিতু পাবেন (700000 x 2/7) টাকা = 200000 টাকা।

উত্তরঃ ১। দীপুর লভ্যাংশ 500000 টাকা।

২। নিতুর লভ্যাংশ 200000 টাকা।

**বাড়ির কাজঃ**

গণিত প্রকাশ – দশম শ্রেণি

কষে দেখি 14 (পৃষ্ঠা 202 - 203)

দাগ নং – 1,2,3,4,5,6

**<u>শিক্ষক আব্দুল হালিম সেখ</u>**